ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৮০০

মোহনপুর, ১৫ নভেম্বর, ২০২৫

**বামুটিয়া পঞ্চায়েত সমিতির শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

আজ বামুটিয়া পঞ্চায়েত সমিতির কনফারেন্স হলে পঞ্চায়েত সমিতির শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা ও স্বাস্থ্য স্থায়ী কমিটির সভাপতি ধনঞ্জয় দাস। সভায় উপস্থিত ছিলেন বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপক কুমার সিনহা ও ভাইস চেয়ারম্যান ঝুটন দাস, স্থায়ী কমিটির সদস্য-সদস্যাগণ, শিক্ষা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, তথ্য ও সংস্কৃতি, স্বাস্থ্য দপ্তরের আধিকারিকগণ। সভায় দপ্তরের আধিকারিকগণ সংশ্লিষ্ট দপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি নিয়ে আলোচনা করেন। এছাড়াও সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্তগুলি নিয়ে আলোচনা করা হয়। সভায় বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপক কুমার সিনহা সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের দায়িত্ব নিয়ে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিগুলি সম্পন্ন করার জন্য পরামর্শ দেন।

******